# সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্পের জন্য একটি বিশ্বজনীন আলোচ্যসূচি

## 11 টি প্রধান পদক্ষেপ

ডিসেম্বর 2021

**সৃজনশীল শিল্পগুলির**
নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র
(Creative Industries Policy and Evidence Centre)
**নেস্তা (nesta)**-এর দ্বারা পরিচালিত

-এর সাথে সহযোগিতায়
BRITISH COUNCIL

## PEC এবং ইন্টারন্যাশানাল কাউন্সিল (International Council) সম্পর্কে

সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র (Creative Industries Policy and Evidence Centre, PEC) স্বতন্ত্র প্রমাণ এবং নীতিমূলক পরামর্শের মাধ্যমে UK-এর সৃজনশীল শিল্পের উন্নতিতে সহায়তা করার জন্য কাজ করে। Nesta পরিচালিত এবং UK সরকারের শিল্পসংস্থাগত কার্যকৌশলের অংশ হিসেবে আর্টস অ্যান্ড হিউম্যানিটিস রিসার্চ কাউন্সিলের (Arts and Humanities Research Council) অর্থায়নে, UK জুড়ে (বার্মিংহাম, কার্ডিফ, এডিনবার্গ, গ্লাসগো, ল্যাঙ্কাস্টার ইউনিভার্সিটির ওয়ার্ক ফাউন্ডেশন, LSE, ম্যানচেস্টার, নিউক্যাসল, সাসেক্স এবং আলস্টার) বিশ্ববিদ্যালয়গুলির একটি জোট নিয়ে PEC গঠিত হয়। Creative UK সহ বিভিন্ন ধরনের শিল্প সহযোগীদের সাথে PEC কাজ করে।

PEC-এর ইন্টারন্যাশানাল কাউন্সিল হল ব্রিটিশ কাউন্সিল (British Council) দ্বারা আহুত, বিশ্বব্যাপী নেতৃস্থানীয় নীতি এবং সৃজনশীল অর্থনীতি অনুশীলনকারীদের একটি নেটওয়ার্ক। গোষ্ঠীটি আন্তর্জাতিক সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্পের নীতিমূলক বুদ্ধিমত্তা এবং গবেষণার সুযোগগুলি ভাগ করে নেয় এবং PEC-এর কার্যকলাপ সংক্রান্ত একটি আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি পর্যালোচনা এবং প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সহচর হিসাবে কাজ করে।

**www.pec.ac.uk**

## ব্রিটিশ কাউন্সিল সম্পর্কে

ব্রিটিশ কাউন্সিল শিল্পকলা ও সংস্কৃতি, শিক্ষা এবং ইংরেজি ভাষার মাধ্যমে UK এবং অন্যান্য দেশের মানুষের মধ্যে সংযোগ, বোঝাপড়া এবং আস্থা গড়ে তোলে।

আমরা দুটি উপায়ে কাজ করি - মানুষের জীবন পরিবর্তন করতে সরাসরি তাদের সঙ্গে এবং দীর্ঘমেয়াদে একটি আরো বড় পার্থক্য তৈরি করতে সরকার ও সহযোগীদের সাথে, যা সারা বিশ্ব জুড়ে লক্ষ লক্ষ মানুষের জন্য সুবিধা তৈরি করে।

আমরা অল্পবয়স্ক ব্যক্তিদের সেইসকল দক্ষতা, আত্মবিশ্বাস এবং সংযোগগুলি অর্জন করতে সাহায্য করি যেগুলি তারা তাদের সম্ভাবনা উপলব্ধি করা এবং শক্তিশালী ও অন্তর্ভুক্তিকর জনসমাজে অংশগ্রহণ করার জন্য সন্ধান করছেন। আমরা তাদের ইংরেজি শিখতে, উচ্চ-মানের শিক্ষা পেতে এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত যোগ্যতা অর্জনে সহায়তা করি। শিল্পকলা ও সংস্কৃতিতে আমাদের কাজ সৃজনশীল অভিব্যক্তি এবং বিনিময়ের উদ্দীপনা জোগায় এবং সৃজনশীল উদ্যোগকে লালন করে।

**www.britishcouncil.org**

এই প্রকাশনাটিকে উদ্ধৃত করা উচিত এইভাবে: সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্রের আন্তর্জাতিক পরিষদ (2021), 'সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্পের জন্য একটি বিশ্বজনীন আলোচ্যসূচি', লন্ডন: ব্রিটিস কাউন্সিল এবং সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র।

**সৃজনশীল শিল্পগুলির**
নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র
(Creative Industries Policy and Evidence Centre)
**নেস্তা (nesta)**-এর দ্বারা পরিচালিত

-এর সাথে সহযোগিতায়
BRITISH COUNCIL

# ভূমিকা

কোভিড-19 অতিমারী আমাদের দেখিয়েছে কীভাবে মানুষের প্রাণশক্তি এবং সৃজনশীলতা অন্ধকারতম সময়েও উদ্ভাসিত হয়। বিশ্ব যখন একযোগে জনস্বাস্থ্য, অর্থনৈতিক এবং জলবায়ু সঙ্কট থেকে বেরিয়ে আসার চেষ্টা করছে, তখন আমাদের জীবদ্দশায় একবার মাত্র আমাদের জীবনযাত্রার পদ্ধতি পুনর্মূল্যায়ন এবং পুনরায় নির্ধারণ করার এবং স্থায়িত্ব ও জনসমাজের মঙ্গল, সেইসাথে অর্থনৈতিক উন্নতি বৃদ্ধি করে এমন নীতিগুলি বিবেচনা করার সুযোগ আছে।

এটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যে জাতি সংঘ (UN)-এর সৃজনশীল অর্থনীতির অবদানের বছরও হয়ে উঠেছে এবং পৃথিবী, অর্থনীতি ও সমাজের নিরাময়ের এই মহামারী পরবর্তী প্রক্রিয়ায় সমাধানের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে সৃজনশীল অর্থনীতির সম্ভাবনাকে তুলে ধরেছে।

এই প্রসঙ্গে সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র (Creative Industries Policy and Evidence Centre (PEC))-এর আন্তর্জাতিক পরিষদ এই এগারোটি পদক্ষেপ নেওয়ার বিষয়গুলি প্রদান করে যাতে এই মুহূর্তের চ্যালেঞ্জগুলির সমাধান করতে সাহায্য করার ক্ষেত্রে সৃজনশীল সেক্টরের সম্ভাবনাকে সর্বাধিক অনুকূল করা যায়। এটি প্রথমবার এই ধরনের একটি আন্তর্জাতিক গোষ্ঠী একত্রিত হয়েছে - উদ্যোক্তা, বিনিয়োগকারী, নীতি-নির্ধারক এবং সারা বিশ্বের শিক্ষাবিদরা - অদূর ভবিষ্যতের জন্য একটি আলোচ্যসূচি নির্ধারণের জন্য আমাদের সৃজনশীল অর্থনীতির বৈচিত্র্যময় অভিজ্ঞতাকে তারা একত্রিত করছেন। আমরা মনে করি এটির উপর আলোকপাত করা বিশেষভাবে গুরুত্বপূর্ণ যে এই আলোচ্যসূচিটি প্রকৃতই বিশ্বজনীন, যা স্বীকার করে যে সবচেয়ে শক্তিশালী এবং গতিশীল কিছু ধারণা এবং সাংস্কৃতিক ও সৃজনশীল সেক্টরে দ্রুততম বৃদ্ধি নিম্ন আয় যুক্ত দেশগুলির (Global South) মধ্যে পাওয়া যায়, যার মধ্যে আছে মানসিক চাপগ্রস্ত ও কম-সংস্থান থাকা শহরাঞ্চলের নিয়মবহির্ভূত কর্মী।

যদিও এটি এখন ব্যাপকভাবে স্বীকৃত যে সৃজনশীল অর্থনীতি বিশ্বব্যাপী সমৃদ্ধিতে অবদান রাখে, সাংস্কৃতিক স্বাতন্ত্র্য উদযাপন করে এবং সামাজিক সংহতিকে সমর্থন করে, তবুও নীতিগত পদক্ষেপের ক্ষেত্রে এটি এখনও একটি বাহ্যিক বিষয় হিসাবে বিবেচিত হয়। এই এগারোটি পদক্ষেপের বিষয়গুলির বেশিরভাগই ইতিমধ্যে বিশ্বের বিভিন্ন অংশে তাদের গুরুত্ব প্রমাণ করছে, যদিও সম্ভবত বিশেষ করে কল্পনাপ্রবণ এবং অনুপ্রেরণাদায়ী স্থানীয় এবং পৌরসভার নেতৃত্বকারীদের মধ্যে, কিন্তু সেগুলি প্রায়শই একেবারে শেষের দিকেই থাকে। আমাদের বার্তা হল এই যে আমরা যদি জরুরী পুনর্গঠন অর্জন করতে চাই যা বিশ্বের প্রয়োজন, তাহলে এই ধারণাগুলি স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে জন নীতির মূলধারার অন্তর্গত হতে হবে।




আমরা **দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলিকে সমর্থন করি**

# 1. সৃজনশীল শিক্ষা এবং দক্ষতা অর্জন

PEC কাউন্সিল স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক সরকারদের শিক্ষা ও প্রশিক্ষণের সকল স্তরে মানুষের মধ্যে সৃজনশীলতা বিকাশে শিল্প ও সংস্কৃতি যে ভূমিকা পালন করে সেটিকে স্বীকৃতি দেওয়ার আহ্বান জানায়। এটি সুনিশ্চিত করতে সাহায্য করবে যে ভবিষ্যতের কর্মীবলের এমন সৃজনশীলতা এবং দক্ষতা আছে যা বাধাগুলি পরিচালনা করতে এবং ভার্চুয়াল রিয়েলিটি, পরিবেশ সচেতন পরিকল্পনা এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো ক্ষেত্রগুলিতে উদীয়মান সুযোগগুলির সদ্ব্যবহার করার জন্য প্রয়োজনীয়। এটি অর্জনের অর্থ হবে শিক্ষা ও প্রশিক্ষণের প্রতিটি ক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তিতে দক্ষতা থাকার পাশাপাশি শিল্পকলা ও সংস্কৃতিকে একীভূত করা।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**




# 2. সৃজনশীল শিল্পোদ্যোগ এবং উদ্ভাবন

কাউন্সিল নীতিনির্ধারকদের CCIs-এ ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উদ্ভূত সৃজনশীল ব্যবসায়িক মডেলগুলির মূল্যকে, কিন্তু একইসাথে তারা যে স্বতন্ত্র চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয় সেগুলিকেও স্বীকৃতি দেওয়ার জন্য আহ্বান জানায়, যার মধ্যে আছে অর্থের প্রয়োজনীয়তা যা সৃজনশীল মেধাস্বত্ব অধিকার (intellectual property right, IPRs) এবং ব্যবসায়িক সহায়তার খাতে ন্যায্য মূল্য সংস্থাপন করে যা ছোট সৃজনশীল ব্যবসাগুলিকে ডিজিটাল বিপ্লব থেকে সম্পূর্ণরূপে উপকৃত হতে সাহায্য করে।

CCIs-এ, স্ব-নিযুক্তি উচ্চ এবং ক্রমবর্ধমান হারের পরিপ্রেক্ষিতে, দক্ষতার সিস্টেমগুলি জুড়ে শিল্পোদ্যোগের প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রেও অবশ্যই বৃহত্তর অগ্রাধিকার দিতে হবে।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**



# 3. সৃজনশীল পেশা, ফ্রিল্যান্সার এবং নিয়মবহির্ভূত জীবিকা

সেক্টরে স্ব-নিযুক্তি, নৈমিত্তিক এবং চুক্তিবদ্ধ কাজ এবং নিয়মবহির্ভূত কাজের ব্যাপকতাকে স্বীকৃতি দিয়ে কাউন্সিল CCI কর্মীদের জন্য শালীন কাজের পরিস্থিতি এবং সামাজিক সুরক্ষা সমর্থন করে এমন নীতিগুলির জন্য আহ্বান জানায়। নীতিতে এই ব্যক্তিদের ন্যায্য এবং অন্তর্ভুক্তিকর প্রতিনিধিত্ব সুনিশ্চিত করতে আমরা আন্তর্জাতিক সংস্থা এবং জাতীয় সরকারগুলিকে আরও ভাল শ্রম বাজারের ডেটা সংগ্রহ করার আহ্বান জানাই।

বিশেষ করে, আমরা অনেক শহরে, বিশেষ করে কম আয় যুক্ত দেশগুলির নিয়মবহির্ভূত অর্থনীতির ভূমিকার স্বীকৃতি চাই। সীমিত সংস্থান, অনিয়ন্ত্রিত শ্রম, এবং প্রায়শই অনিবন্ধিত শিল্পোদ্যোগের মধ্যে কাজ করে, নিয়মবহির্ভূত সৃজনশীলতাকে প্রান্তিকভাবে বেঁচে থাকার কৌশল হিসাবে খারিজ করা উচিত নয়, বা একটি জনসমাজের উত্তর হিসাবে রোমান্টিকতাপূর্ণ করে তোলা উচিত নয় যা রাষ্ট্রকে তার যথাযথ দায়িত্ব থেকে মুক্তি দেয়।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**




# 4. সাংস্কৃতিক ও সৃজনশীল শিল্পে গবেষণা ও উন্নয়ন

কাউন্সিল সুপারিশ করে যে সারা বিশ্বে নীতিনির্ধারকদের দ্বারা ব্যবহৃত গবেষণা ও উন্নয়নের (R&D) 'ফ্রাসকাটি (Frascati)' সংজ্ঞাটি সংশোধন করা হোক, যাতে উদ্ভাবনে বিনিয়োগকে উৎসাহিত করার নীতিগুলি শুধুমাত্র বিজ্ঞান ও প্রযুক্তি ছাড়াও শিল্পকলা, মানব ও সামাজ বিজ্ঞান সহ জ্ঞানের এক্তিয়ারের সম্পূর্ণ পরিসরকে অন্তর্ভুক্ত করে। সরকারি R&D সমীক্ষা সহ R&D পরিমাপ সিস্টেমগুলিকেও বিভিন্ন ক্ষেত্রে R&D-কে স্বীকৃতি দিতে আপগ্রেড করতে হবে।

বহু- এবং আন্তঃবিষয়ক R&D - CCIs-এ উদ্ভাবনের বিশেষত্ব- যা বিশ্বের বৃহত্তম অর্থনৈতিক এবং সামাজিক সমস্যাগুলি মোকাবিলা করার জন্যও প্রয়োজন হয়।

আরও বিস্তৃতভাবে, কাউন্সিল R&D অর্থায়নের সুযোগগুলি CCIs-এ আরও কার্যকরভাবে উন্নত করতে এবং সেক্টরগুলির মধ্যে পারস্পরিক সুবিধাজনক যোগসূত্রগুলিকে অন্বেষণ করতে বলে (যেমন উৎপাদন এবং ডিজাইন)।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**



# 5. সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্প এবং ডিজিটাল অর্থনীতি

কাউন্সিল আন্তর্জাতিক এবং জাতীয় নীতিনির্ধারকদেরকে নতুন নিয়ন্ত্রক কাঠামো এবং পরিকাঠামো গঠনে CCIs-কে জড়িত করার আহ্বান জানায়, যার লক্ষ্য হল ডেটা এবং গোপনীয়তা, ইন্টারনেট প্ল্যাটফর্ম নিয়ন্ত্রণ এবং মেধাস্বত্ব সৃষ্টি এবং সুরক্ষা সম্পর্কিত সমস্যাগুলির মোকাবিলা করা।

আমরা সমস্ত ভৌগলিক অবস্থান জুড়ে সমানভাবে উপলব্ধ, ডিজিটাল দক্ষতা এবং শক্তিশালী ডিজিটাল পরিকাঠামোতে বৃহত্তর বিনিয়োগের জন্যও আহ্বান জানাই, এটি স্বীকার করে যে এটি CCIs-এর জন্য নতুন ভবন এবং অন্যান্য বাস্তব পরিকাঠামোর মতোই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**




# 6. সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্প এবং পরিবেশগত স্থায়িত্ব

কাউন্সিল নীতিনির্ধারকদের সম্পদ এবং ভৌত পরিবেশের উপর তুলনামূলকভাবে অল্প প্রভাব ফেলে একটি বৃত্তাকার অর্থনীতিতে এবং অর্থনৈতিক বৃদ্ধিতে CCIs-এর অবদানকে স্বীকৃতি দেওয়ার, একই সময়ে তারা যে প্রভাব তৈরি করে তা হ্রাস করার জন্য পদক্ষেপের প্রয়োজনীয়তা স্বীকার করার আহ্বান জানায়। এটি ফ্যাশন ডিজাইন সহ ডিজাইনের মতো ক্ষেত্রে সত্য, যা উদ্ভাবনের অগ্রদূত কিন্তু বর্তমানে প্রধান দূষণকারীও বটে। এটি অনেক শিল্প এবং বিনোদনমূলক কার্যকলাপের ক্ষেত্রেও সত্য। নীতিনির্ধারকদের অবশ্যই তাদের জলবায়ু সংক্রান্ত উদ্যোগগুলিতে সৃজনশীল অনুশীলনকারীদের অন্তর্ভুক্ত করতে হবে যদি তারা সৃজনশীল ব্যবসা এবং জীববৈচিত্র্য, স্থানীয় খাবার, প্রত্যয়িত নৈতিক ফ্যাশন এবং পরিবেশবান্ধব-পর্যটনের মতো ক্ষেত্রগুলির মধ্যে আন্তঃ-সেক্টর প্রবণতা থেকে সম্পূর্ণরূপে উপকৃত হতে চান।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**



# 7. সৃজনশীল শহর এবং আঞ্চলিক ক্লাস্টারগুলি

কাউন্সিল জাতীয় এবং আঞ্চলিক সরকারগুলিকে শুধুমাত্র বৃহত্তম শহরগুলিতে CCIs-এ বিনিয়োগ না করে বরং ছোট, স্থানীয় ক্লাস্টারগুলিতে থাকা অনেকগুলি সুযোগের কথাও বিবেচনা করার জন্য আহ্বান জানায়। বিদ্যমান প্রমাণগুলি নির্দেশ করে যে এগুলির অর্থনৈতিক স্থিতিস্থাপকতা এবং অঞ্চলটির স্থানীয় ক্ষুদ্র সম্প্রদায়গুলির সাথে একাত্মতার অনুভূতি নিয়ে আসার সাথে সাথে, তৃণমূলে বৃদ্ধির সৃজনশীল ইঞ্জিন হয়ে ওঠার এবং বিশ্বব্যাপী CCIs-এর ক্ষেত্রে বিশেষ বাজারগুলিকে পরিষেবা দেওয়ার সম্ভাবনা রয়েছে।

এই ক্ষুদ্র-ক্লাস্টারগুলিকে আরও ভালভাবে বোঝার জন্য, আমরা নীতিনির্ধারকদের তৃণমূল এবং জনসমাজের উদ্যোগগুলিকে CCIs-এর মানচিত্র তৈরি করার প্রচেষ্টায় অন্তর্ভুক্ত করতে বলি, উদাহরণস্বরূপ আঞ্চলিক এবং জাতীয় সৃজনশীল শহরের সূচকগুলিতে।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**




# 8. সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্পে বিকল্প অর্থায়ন

কাউন্সিল বিশ্বব্যাপী নীতিনির্ধারকদের ট্রাস্ট এবং ফাউন্ডেশনগুলির সাথে কাজ করার আহ্বান জানায় যাতে বৃদ্ধি ও সাম্যকে এগিয়ে নিয়ে যাওয়া, এবং সৃজনশীল জনসমাজের মধ্যে নতুন ধরনের সাংস্কৃতিক উৎপাদনের উদ্দীপনা জোগানোর জন্য প্রয়োজনীয় পরিকাঠামো, দক্ষতা, বাজার এবং প্ল্যাটফর্মে বেসরকারি সেক্টরের বিনিয়োগকে উৎসাহিত করার জন্য প্রণোদনা এবং নিশ্চয়তা গড়ে তোলা যায়। আন্তর্জাতিক স্তরে একসঙ্গে কাজ করার মাধ্যমে বিকল্প অর্থায়নের জন্য আরও কল্পনাপ্রসূত কাঠামো তৈরি করা সম্ভব হবে এবং এমন পরিস্থিতি তৈরি করা সম্ভব হবে যা বিশ্বব্যাপী সৃজনশীল অর্থনীতিতে বিনিয়োগ করতে আরও বেশি প্রভাবশালী বিনিয়োগকারীদের উৎসাহিত করবে।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**



# 9. সামাজিক সাম্য, সাংস্কৃতিক বৈচিত্র্য এবং সাংস্কৃতিক ও সৃজনশীল শিল্পে অন্তর্ভুক্তি

কাউন্সিল সাংস্কৃতিক ও সৃজনশীল অনুশীলন, ভাষা, ঐতিহ্যগত জ্ঞান, শিল্প ও প্রত্নবস্তু এবং ঐতিহ্যবাহী স্থান এবং পাঠ্য সংরক্ষণের জন্য আন্তর্জাতিক সংস্থা এবং জাতীয় নীতিনির্ধারকদের অব্যাহত ও ক্রমবর্ধমান প্রচেষ্টাকে সমর্থন করে।

এছাড়াও, আমরা ডিজিটাল প্রযুক্তির দ্বারা সক্ষম করা বিভিন্ন-সংস্কৃতিগত অভিজ্ঞতার বিশ্বব্যাপী প্রচারের পরামর্শ দিই, যা ভাগ করে নেওয়া দর্শক, যৌথভাবে অর্থবহ এবং আরও অন্তর্ভুক্তিকর, সহানুভূতিশীল সমাজের মাধ্যমে সহানুভূতি গড়ে তুলতে জনসমাজকে সাহায্য করে।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**




# 10. তথ্য সংগ্রহ এবং ভাগ করে নেওয়ার আন্তর্জাতিক মানদন্ড

একটি আন্তর্জাতিকভাবে তুলনীয় প্রমাণের ভিত্তি বৃদ্ধির উদ্দেশ্যে কাউন্সিল CCIs এবং সৃজনশীল পেশাগুলির শ্রেণীবিভাগের জন্য আন্তর্জাতিক মানদণ্ডের বিকাশের আহ্বান জানায়। আন্তর্জাতিক মানদণ্ড শিল্প সংক্রান্ত শ্রেণীবিন্যাস (Standard Industrial Classification, SIC) এবং মানক পেশাগত শ্রেণীবিন্যাস (Standard Occupational Classification, SOC) নিয়মাবলীর সংশোধন সুনিশ্চিত করার জন্য এটির একটি সমন্বিত প্রচেষ্টা অন্তর্ভুক্ত করা উচিত, যা CCIs-এর পরিবর্তনশীল মনোভাবকে প্রতিফলিত করে।

একটি আন্তর্জাতিক স্তরে CCI ডেটার আরও ভাল সংগ্রহে সহায়তা করার জন্য আমরা আন্তর্জাতিক পরিমাপের মানদন্ডগুলির পর্যালোচনা করারও সুপারিশ করি কারণ সেগুলি CCIs-এর সাথে সম্পর্কিত। যদিও আমরা জাতীয় চাহিদা এবং সিস্টেমের মধ্যে পার্থক্যগুলি স্বীকার করি, তাসত্ত্বেও ডিজিটাল পরিষেবাগুলির স্ট্রিমিং এবং আন্তর্জাতিক বাণিজ্যের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সারা বিশ্ব জুড়ে উন্নয়নগুলি করতে হবে।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**



# 11. সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্প প্রশাসনের জন্য আন্তর্জাতিক সহযোগিতা

কাউন্সিল বিশ্বব্যাপী CCIs-এর উন্নয়নের জন্য আন্তর্জাতিক সহযোগিতার জন্য বিশ্বব্যাপী মানদন্ড নির্ধারণের আহ্বান জানায়। IPR আইন, ইন্টারনেট প্রবিধান, কর ব্যবস্থা এবং সংশ্লিষ্ট নীতিগুলিকে শিল্প ও সরকারের জন্য সামঞ্জস্যপূর্ণ, অন্তর্ভুক্তিকর ন্যায্য এবং পারস্পরিকভাবে উপকারী হওয়ার জন্য পুনরায়-ক্রমাঙ্কিত করা প্রয়োজন।

**এই পদক্ষেপটি দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যগুলির সাথে সম্পর্কযুক্ত:**



# উপসংহার

বিশ্বজনীন সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্প (Cultural and Creative Industries, CCIs)-এর চাহিদার উপর দুই বছরের দীর্ঘ আলোচনা থেকে প্রাপ্ত, PEC আন্তর্জাতিক পরিষদের এগারোটি পদক্ষেপ, নীতির অনেক প্রতিষ্ঠিত ক্ষেত্রের, বিশেষ করে আন্তর্জাতিক পর্যায়ে পুনর্বিবেচনার আহ্বান জানায়। এইগুলির মধ্যে রয়েছে আমরা কীভাবে গবেষণা এবং উন্নয়নের অর্থায়নের সংজ্ঞাকে ব্যাখ্যা করি তা থেকে কীভাবে আমরা স্ব-নিযুক্ত ব্যক্তি এবং নিয়মবহির্ভূত অর্থনীতি সম্পর্কে তথ্য সংগ্রহকে অগ্রাধিকার দিই, সামাজিক প্রভাববিস্তারকারী আর্থিক উদ্যোগের ফোকাস পর্যন্ত। যাইহোক, এই আলোচ্যসূচি কথোপকথনের শেষ নয়: এখন আন্তর্জাতিক নীতির নেতৃত্বদের এটির নীতিগুলিকে মূলধারায় নিয়ে যেতে হবে। অন্যথায়, আমাদের শুধুমাত্র বিশ্বজুড়ে সৃজনশীল জনসমাজগুলিকে হারানোর ঝুঁকি থাকে না, বরং আমরা সম্পদের পুনর্বণ্টন থেকে জলবায়ু পরিবর্তন পর্যন্ত আমাদের সময়ের সবচেয়ে উল্লেখযোগ্য বিশ্বজনীন সমস্যাগুলির মোকাবিলা করার একটি বিস্তৃত সুযোগ হারাই। আমরা বিশ্বব্যাপী নীতিনির্ধারকদের 2021 সালকে 'দীর্ঘস্থায়ী উন্নয়নের জন্য সৃজনশীল অর্থনীতির আন্তর্জাতিক বছর' হিসেবে জাতি সংঘের (UN) দেওয়া আখ্যার দ্বারা সৃষ্ট প্রেরণাকে কাজে লাগানোর আহ্বান জানাই। অতিমারীর অভিজ্ঞতা বিশ্বব্যাপী দর্শক এবং অনুশীলনকারীদের কাছে সাংস্কৃতিক এবং সৃজনশীল শিল্পের গুরুত্বকে আরও বাড়িয়ে তুলেছে। বলিষ্ঠ পদক্ষেপের মাধ্যমে সরকারগুলি তাদের জনসমাজ, অর্থনীতি এবং তাদের আন্তর্জাতিক অংশীদারিত্বের সুবিধার জন্য সৃজনশীলতার ক্ষমতাকে আরও উন্মুক্ত করতে পারে। এখনই কাজ করার সময়।

# স্বাক্ষরকারী

## PEC আন্তর্জাতিক পরিষদের সদস্যবৃন্দ

### অ্যাভরিল জোফ (Avril Joffe)

অ্যাভরিল একজন অর্থনৈতিক সমাজবিজ্ঞানী যিনি গবেষণা, শিক্ষা, এবং বৃত্তিমূলক পরিবেশের সন্ধিস্থলে কাজ করছেন এবং শহুরে জীবনে সংস্কৃতি, সংস্কৃতি এবং সাংস্কৃতিক অর্থনীতি, আন্তর্জাতিক সাংস্কৃতিক সহযোগিতায় ন্যায্যতা এবং আন্তর্জাতিক সংস্থা (ILO, UNESCO, UNCTAD), আফ্রিকান সংস্থা (আফ্রিকান ইউনিয়ন) এবং আফ্রিকান সরকারের সাথে কাজ করা সাংস্কৃতিক অনুশীলনকারীদের অধিকার এবং 'সামাজিক' মর্যাদার মতো ক্ষেত্রগুলিতে কাজ করছেন। অ্যাভরিল উইটস স্কুল অফ আর্টস (Wits School of Arts)-এর সাংস্কৃতিক নীতি ও ব্যবস্থাপনার (Cultural Policy and Management)-এর স্নাতকোত্তর সমন্বয়কারী। তিনি UNESCO-এর সাংস্কৃতিক নীতি ও প্রশাসন (Cultural Policy and Governance)-এর বিশেষজ্ঞদের প্যানেল এবং আন্তর্জাতিক সাংস্কৃতিক সম্পর্কিত গবেষণা সঙ্ঘের (International Cultural Relations Research Alliance, ICRRA) সক্রিয় সদস্য।

*দেশ: দক্ষিণ আফ্রিকা এবং সাবসাহারান আফ্রিকা*

### বার্ণড ফেসেল (Bernd Fesel)

বার্ণড ফেসেল শিল্পকলার বাজারে তার কর্মজীবন শুরু করেন, 1997 সালে ইউরোপিয়ান গ্যালারি অ্যাসোসিয়েশন (European Gallery Association)-এর ম্যানেজিং ডিরেক্টর হন। তিনি জার্মান আর্টস কাউন্সিল (German Arts Council)-এর স্পিকার হিসেবেও দায়িত্ব পালন করেছিলেন 2003 সালে তিনি বার্লিনে সৃজনশীল শিল্পের উপর প্রথম জাতীয় সম্মেলন শুরু করেন এবং 2007 সালে সৃজনশীল শিল্পের জন্য জার্মান জাতীয় উদ্যোগের প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন; তারপর তিনি ইউরোপিয়ান ক্যাপিটাল অফ কালচার RUHR.2010 (European Capital of Culture RUHR.2010)-এ ফ্রিটজ প্লিটজেন (Fritz Pleitgen) এবং প্রফেসর ডায়েটার গোর্নি (Prof. Dieter Gorny)-এর ভাইস ডিরেক্টর হিসেবে, পরে ডর্টমুন্ডে সৃজনশীল অর্থনীতির ইউরোপীয় কেন্দ্রের সিনিয়র উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। 2016 সাল থেকে তিনি রটারডামে ইউরোপিয়ান সৃজনশীল ব্যবসার নেটওয়ার্ক (European Creative Business Network)-এর ডিরেক্টর হয়ে ইউরোপ জুড়ে সাংস্কৃতিক সৃজনশীল সেক্টরে 8 মিলিয়ন স্টেকহোল্ডারের স্বার্থ প্রচার করেন। 2020 সালে বার্ণড ফেসেলকে হরাইজন ইউরোপ (Horizon Europe)-এর প্রোগ্রাম কমিটির বিশেষজ্ঞ হিসেবে নিযুক্ত করা হয়েছে। তিনি হামবুর্গের ইনস্টিটিউট ফর আর্টস অ্যান্ড মিডিয়া ম্যানেজমেন্টের (Institute for Arts and Media Management) লেকচারার।

*দেশ: জার্মানি*

### ড্যানিয়ার আমানালিয়েভ (Daniar Amanaliev)

ড্যানিয়ার একজন অসাধারণ সৃজনশীল শিল্পোদ্যোগী এবং সৃজনশীল অর্থনীতি উৎসাহী। তিনি ওলোলো ক্রিয়েটিভ হাব, জন গল্ট বিজনেস অ্যাক্সিলারেটর এবং ওলোলো ক্রিয়েটিভ ইমপ্যাক্ট ফান্ডের সহ-প্রতিষ্ঠাতা এবং ব্যবসা পরিচালক। ড্যানিয়ার ক্রিয়েটিভ সেন্ট্রাল এশিয়া ফোরাম (Creative Central Asia Forum)-এর স্টিয়ারিং কমিটির একজন সদস্য, ক্রিয়েটিভ সেন্ট্রাল এশিয়া নেটওয়ার্ক (Creative Central Asia Network)-এর একজন সহ-প্রতিষ্ঠাতা, কিরগিজস্তানের ক্রিয়েটিভ ইন্ডাস্ট্রিজ (Creative Industries) অ্যাসোসিয়েশনের একজন সহ-প্রতিষ্ঠাতা এবং সভাপতি।

*দেশ: কিরগিজস্তান*

### ডায়না মার্সেলা রে ভাসকোয়েজ (Diana Marcela Rey Vásquez)

ডায়না লাতিন আমেরিকান স্টাডিজে পিএইচডি থাকা একজন রাষ্ট্রবিজ্ঞানী, সৃজনশীল অর্থনীতি এবং ডিজিটাল অর্থনীতিতে একজন বিশেষজ্ঞ এবং কালচারাল স্যাটেলাইট অ্যাকাউন্টস (Cultural Satellite Accounts)-এর জন্য UNESCO-এর ড্রাফ্ট গ্লোবাল স্ট্যান্ডার্ড (Draft Global Standard)-এর সহ-লেখিকা। তিনি ইন্টার-আমেরিকান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক (Inter-American Development Bank), UN উইমেন (UN Women), UNESCO, CAB এবং CERLALC-এর মতো আন্তর্জাতিক সংস্থাগুলির জন্য কাজ করা বেশ কয়েকটি লাতিন আমেরিকার দেশগুলিতে সাংস্কৃতিক পরিসংখ্যান, নীতি এবং আইনের উন্নয়নে অবদান রেখেছেন।

*দেশ: অ্যান্ডিয়ান এবং মধ্য আমেরিকার দেশগুলি*

### দ্বিনিতা লারাসাতি (Dwinita Larasati)

তিতা একজন প্রোডাক্ট ডিজাইনার, ইনস্টিটুট টেকনোলজি ব্যান্ডুং (Institut Teknologi Bandung, ITB) এর লেকচারার/গবেষক, ব্যান্ডুং সিটি অফ ডিজাইন UNESCO ক্রিয়েটিভ সিটিস নেটওয়ার্ক (Bandung City of Design UNESCO Creative Cities Network)-এর জন্য ফোকাল পয়েন্ট এবং ইন্দোনেশিয়া ক্রিয়েটিভ সিটিস নেটওয়ার্ক (Indonesia Creative Cities Network, ICCN)-এর ডেপুটি অফ স্ট্র্যাটেজিক পার্টনারশিপ। তিনি ব্যান্ডুং ক্রিয়েটিভ সিটি ফোরাম (Bandung Creative City Forum, BCCF) এবং ব্যান্ডুং ক্রিয়েটিভ ইকোনমি কমিটি (Bandung Creative Economy Committee)-এর সভাপতিত্ব করেন, ওয়েস্ট জাভা ক্রিয়েটিভ ইকোনমি অ্যান্ড ইনোভেশন কমিটি (West Java Creative Economy & Innovation Committee, KREASI)-এর উপদেষ্টা, ইন্দোনেশিয়ান ইয়াং একাডেমি অফ সায়েন্স (Indonesian Young Academy of Science, ALMI) এবং ইন্দোনেশিয়ান একাডেমি অফ সায়েন্সেস ( Indonesian Academy of Sciences, AIPI)-এর সদস্য, এবং দ্য ক্লাইমেট রিয়েলিটি প্রজেক্ট (The Climate Reality Project, TCRP) ইন্দোনেশিয়ার ক্লাইমেট লিডার। তিনি একটি গ্রাফিক ডায়েরি তৈরি করেন এবং একটি স্বাধীন প্রকাশক, CAB-এর সহ-প্রতিষ্ঠাতা।

*দেশ: ইন্দোনেশিয়া*

**এডনা ডস সান্তোস-ডুজেনবার্গ (Edna dos Santos-Duisenberg)**

এডনা হলেন একজন অর্থনীতিবিদ যার ইউনাইটেড নেশন্স-এ একটি আন্তর্জাতিক কর্মজীবন ছিল। তিনি ইউনাইটেড নেশন্স কনফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্ট (United Nations Conference on Trade and Development ) (2004-2012)-এ সৃজনশীল অর্থনীতি কর্মসূচি স্থাপন করেছিলেন এবং এটির প্রধান ছিলেন। তিনি UN ক্রিয়েটিভ ইকোনমি রিপোর্ট (Creative Economy Reports) 2008 এবং 2010, সেইসাথে সৃজনশীল অর্থনীতির উপর UNCTAD-এর গ্লোবাল ডেটাবেস চালু করেছিলেন। তিনি সরকার ও প্রতিষ্ঠানগুলিকে উপদেষ্টা পরিষেবা প্রদান করেন এবং সমস্ত মহাদেশে গবেষণা, শিক্ষা, এবং বৃত্তিমূলক পরিবেশের সাথে সহযোগিতা করেন।

*দেশ: ব্রাজিল ও সুইজারল্যান্ড*

**জর্জ গাচারা (George Gachara)**

জর্জ একজন সামাজিক শিল্পোদ্যোগী, আর্ট ম্যানেজার এবং HEVA ফান্ড LLP (HEVA Fund LLP)-এর ম্যানেজিং পার্টনার। জর্জ পূর্ব আফ্রিকার সৃজনশীল শিল্পের বিকাশ এবং ব্যবসায়িক অন্বেষণের নেতৃত্ব দিচ্ছেন এবং এই গতিশীল সেক্টরে দীর্ঘমেয়াদী অর্থনৈতিক ও সাংস্কৃতিক মূল্য সৃষ্টিতে নেতৃত্ব দিচ্ছেন।

*দেশ: কেনিয়া, রুয়ান্ডা, উগান্ডা, তানজানিয়া, ইথিওপিয়া*

**জয়রাজ মাশরু (Jairaj Mashru)**

জয় ভারতের মুম্বাইতে বসবাসকারী Salesforce.com-এর ডিজিটাল স্ট্র্যাটেজি এবং ডিজাইন দলের একজন সৃজনশীল ডিরেক্টর। তার সৃজনশীল সাধনা তাকে ডিজাইন, উদ্ভাবন এবং শিল্পোদ্যোগ শেখানো, স্টার্টআপের পরামর্শদাতা হওয়া এবং শিক্ষা, স্থায়িত্ব ও সৃজনশীল অর্থনীতির জন্য ভারত, US ও UK ব্যবসা ও সরকারী নীতিনির্ধারকদের প্রমাণ-ভিত্তিক উন্নয়নের কৌশল প্রদান করার দিকে পরিচালিত করেছে।

*দেশ: ভারত*

**জন নিউবিগিন (John Newbigin)**

জন সৃজনশীল শিল্পের জন্য লন্ডনের মেয়রের রাষ্ট্রদূত এবং সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র (Creative Industries Policy and Evidence Centre)-এর আন্তর্জাতিক পরিষদের চেয়ারম্যান।

*দেশ: UK*

**লরা ক্যালানান (Laura Callanan)**

লরা আপস্টার্ট কো-ল্যাব (Upstart Co-Lab)-এর প্রতিষ্ঠাতা অংশীদার। আপস্টার্ট কো-ল্যাব সৃজনশীল অর্থনীতিতে প্রভাব খাটানোকে সংযুক্ত করে সৃজনশীলতাকে যেভাবে অর্থায়ন করা হয় তা ব্যাহত করছে। 2015 সালে আপস্টার্ট কো-ল্যাব চালু করার আগে, লরা একটি যুক্তরাষ্ট্রীয় সংস্থা ন্যাশনাল এনডোমেন্ট ফর দ্য আর্টস (National Endowment for the Arts)-এর সিনিয়র ডেপুটি চেয়ারম্যান ছিলেন; ম্যাককিনসে অ্যান্ড কোম্পানি (McKinsey & Company)-এর সোশ্যাল সেক্টর অফিসের একজন পরামর্শদানকারী; এবং রকফেলার ফাউন্ডেশনের (Rockefeller Foundation) অ্যাসোসিয়েট ডিরেক্টর।

*দেশ: মার্কিন যুক্তরাষ্ট্র*

**লিয়্যান্দ্রো ভ্যালিয়াতি (Leandro Valiati)**

লিয়্যান্দ্রো ব্রাজিলের একজন অধ্যাপক এবং CCIs-এর উপরে সবচেয়ে প্রতিনিধিত্বমূলক নীতি-কেন্দ্রিক শিক্ষা কেন্দ্র তৈরি করে এবং নেতৃত্ব দিয়ে, সৃজনশীল শিল্প ও সংস্কৃতির অর্থনীতিতে নীতি উপদেষ্টা হিসেবে তার কর্মজীবন শুরু করেছিলেন। বিগত বছরগুলিতে, তিনি শিক্ষামূলক পদে এবং স্পেন, ফ্রান্স ও UK-তে নীতি প্রতিষ্ঠানগুলিতে বোর্ড সদস্য হিসাবে কাজ করছেন। তার গবেষণার আগ্রহ হল সংস্কৃতি এবং আর্থ-সামাজিক উন্নয়ন, সাংস্কৃতিক নীতি এবং শিল্পের বহুমাত্রিক প্রভাব।

*দেশ: ব্রাজিল, ফ্রান্স এবং UK*

**মার্সেল ক্রাউস (Marcel Kraus)**

মার্সেল, চার্লস ইউনিভার্সিটি (Charles University)-তে সমাজ বিজ্ঞান, মানবতা ও শিল্পকলা এবং আন্তঃবিষয়ক উদ্ভাবনের সৃজনশীল সম্ভাবনার উন্নতিসাধন করেন। শিল্পকলা এবং থিয়েটারের পথ ছেড়ে দেওয়ার পর, মার্সেল জার্মানির লাইপজিগে ফ্রাউনহোফার ইনস্টিটিউট (Fraunhofer Institute) এবং চেক প্রজাতন্ত্রের প্রযুক্তি সংস্থার (Technology Agency)-এর জন্য সৃজনশীল স্থানান্তর ব্যবস্থা এবং সৃজনশীল অর্থনীতির ক্ষেত্রে কাজ করেন।

*দেশ: চেক রিপাবলিক*

**ওমর নাগাটি (Omar Nagati)**

ওমর একজন অনুশীলনকারী স্থপতি এবং নগর পরিকল্পনাবিদ, কায়রো শহরের কেন্দ্রস্থলে একটি শহুরে নকশা এবং গবেষণা প্ল্যাটফর্ম, ক্লাস্টারের (CLUSTER) সহ-প্রতিষ্ঠাতা, এবং বেশ কয়েকটি স্থানীয় ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষাবিদ, সম্প্রতি UK-এর শেফিল্ড বিশ্ববিদ্যালয় (University of Sheffield)-এর ভিজিটিং প্রফেসর হিসেবে কাজ করছেন।

*দেশ: মিশর*

## PEC এবং ব্রিটিশ কাউন্সিলের প্রতিনিধি

### ব্রিটিশ কাউন্সিল

**ক্যারোলিন মিয়াবি (Caroline Meaby)**

ক্যারোলিন মিয়াবি হলেন ব্রিটিশ কাউন্সিলের ডিরেক্টর আর্টস নেটওয়ার্ক (Director Arts Network), শিল্পকলা এবং সৃজনশীল শিল্পে কাজের একটি বিশ্বজনীন পোর্টফোলিও দেখাশোনা করার জন্য এবং সংস্থার বিশ্বব্যাপী সৃজনশীল অর্থনীতি কর্মসূচি গঠন জন্য ভারপ্রাপ্ত। 2013 সালে ব্রিটিশ কাউন্সিলে যোগদানের আগে, ক্যারোলিন টেলিভিশন শিল্পে কাজ করেছিলেন। এছাড়াও তিনি লন্ডনের স্টুডিও 3 আর্টসের (Studio 3 Arts) একজন ট্রাস্টি।

**স্কিন্ডার হুন্দাল (Skinder Hundal) MBE**

স্কিন্ডার হলেন ব্রিটিশ কাউন্সিলের ডিরেক্টর আর্টস যিনি UK এবং বিশ্বের চারটি দেশ জুড়ে একাধিক ধরনের শিল্প এবং প্রধান শিল্পমূলক কার্যকলাপের তত্ত্বাবধান করেন। তিনি আর্টিস্ট নিউজ (Artist News)-এর বোর্ড ডিরেক্টর এবং এর আগে নিউ আর্ট এক্সচেঞ্জ (New Art Exchange)-এর ডিরেক্টর এবং নটিংহাম আর্টস মেলা (Nottingham Arts Mela)-এর কো-আর্টিস্টিক ডিরেক্টর ছিলেন। তিনি সম্প্রতি টম ডেল ডান্স (Tom Dale Dance) কোম্পানির বোর্ড সদস্য হিসাবে অবসর নিয়েছেন।

### PEC

**এলিজা ইস্টন (Eliza Easton)**

এলিজা ইনোভেশন ফাউন্ডেশন নেস্তা ( Innovation Foundation Nesta)-এর নেতৃত্বে সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র (Creative Industries Policy and Evidence Centre (PEC))-এর নীতি বিভাগ (Policy Unit)-এর প্রধান। তিনি একজন কেমব্রিজ পলিসি ফেলো (Cambridge Policy Fellow)।

**হাসান বখশী (Hasan Bakhshi)**

হাসান সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র (Policy and Evidence Centre), UK-এর ডিরেক্টর। তিনি দরবার আর্টস অ্যান্ড আর্ট UK (Darbar Arts and Art UK )-এর বোর্ডে রয়েছেন এবং UK সরকারের সৃজনশীল শিল্প পরিষদ (Creative Industries Council)-এর একজন প্রতিষ্ঠাতা সদস্য।

BRITISH COUNCIL

ব্রিটিশ কাউন্সিল

@BritishCouncil
www.britishcouncil.org

সাংস্কৃতিক সম্পর্ক এবং শিক্ষার সুযোগের জন্য ইউনাইটেড কিংডমের আন্তর্জাতিক সংস্থা।
একটি নিবন্ধিত দাতব্য সংস্থা: 209131 (ইংল্যান্ড ও ওয়েলস) SC037733 (স্কটল্যান্ড)।

# সৃজনশীল শিল্পগুলির
## নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র
## (Creative Industries Policy and Evidence Centre)

**নেস্তা (nesta)**-এর দ্বারা পরিচালিত

Creative Industries Policy and Evidence Centre (PEC)
58 Victoria Embankment
London EC4Y 0DS

+44 (0)20 7438 2500
enquiries@pec.ac.uk
@CreativePEC
www.pec.ac.uk

সৃজনশীল শিল্পগুলির নীতি এবং প্রামাণিক তথ্যকেন্দ্র (Creative Industries Policy and Evidence Centre) নেস্তা (Nesta)-এর দ্বারা পরিচালিত হয়।
নেস্তা (Nesta) হল 7706036 কোম্পানি নম্বর এবং 1144091 চ্যারিটি নম্বর বিশিষ্ট ইংল্যান্ড ও ওয়েলসে নিবন্ধিত একটি দাতব্য সংস্থা।
স্কটল্যান্ডে একটি দাতব্য সংস্থা হিসাবে নিবন্ধিত যার নম্বর হল SCO42833। নিবন্ধিত অফিস: 58 Victoria Embankment, London, EC4Y 0DS.

CC BY NC SA